



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস-রিলিজ

বঙ্গবন্ধুর আদর্শ অনুসরণের মাধ্যমে সুখী-সমৃদ্ধ সোনার বাংলা প্রতিষ্ঠা করতে হবে
-ববি উপাচার্য

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০১ সেপ্টেম্বর ২০২১খ্রিঃ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর আদর্শ ও দর্শনকে তরুণ প্রজন্মের মাঝে ছড়িয়ে দিতে হবে। তাদের চিন্তা-চেতনা মন ও মননে বঙ্গবন্ধুকে ধারণ করে ভবিষ্যৎ জীবনকে সাজাতে হবে। কারণ বঙ্গবন্ধুর আদর্শকে অনুসরণ করেই সুখী, সমৃদ্ধ ও বৈষম্যহীন সোনার বাংলা প্রতিষ্ঠা করা সম্ভব।

ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) বরিশাল বিশ্ববিদ্যালয়ের আয়োজনে “তারুণ্যের বঙ্গবন্ধু” প্রকাশনার মোড়ক উন্মোচন ও ভার্চুয়াল আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে কথাগুলো বলেন ববি উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন।

ববি ছাত্র-শিক্ষক কেন্দ্রের পরিচালক জ্যোতির্ময় বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠিত মোড়ক উন্মোচন ও ভার্চুয়াল সভায় প্রধান আলোচক হিসেবে যুক্ত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপ-উপাচার্য প্রফেসর ড. নাসরীন আহমাদ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন “তারুণ্যের বঙ্গবন্ধু” এর নির্বাহী সম্পাদক ও ছাত্র-শিক্ষক কেন্দ্রের সাবেক পরিচালক ড. মোঃ খোরশেদ আলম, তারুণ্যের বঙ্গবন্ধু এর সম্পাদক ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক তানভির কায়ছার।

সভায় আরও যুক্ত ছিলেন "তারুণ্যের বঙ্গবন্ধু" সম্পাদকীয় পর্ষদের সদস্য উন্মোষ রায়, সিরাজিস সাদিক, সানবিন ইসলাম, হাবিবুল্লাহ মিলন, আবু সালেম, শিক্ষার্থী আলীম সালেহী এবং মারিয়া। এছাড়াও শিক্ষক সমিতির সভাপতি, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, শিক্ষকবৃন্দ, দপ্তর প্রধানগণ, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীরা সংযুক্ত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক ড. হালিমা বেগম।

জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়